

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তত্ত্বাবধায়কের কার্যালয়  
মুরারিচাঁদ কলেজ ছাত্রী হোস্টেল-২, সিলেট।

তারিখ : ৩১.০৭.২০২২ খ্রি.

ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা মুরারিচাঁদ কলেজ ছাত্রী হোস্টেলে আবাসনে ইচ্ছুক অনার্স ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ এবং মাস্টার্স ১ম ও শেষ পর্বের ছাত্রীদের নিকট হতে ছাত্রী হোস্টেলে আবাসনের জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। নগদ ১০০/- (একশত) টাকা প্রদানপূর্বক ছাত্রী হোস্টেল-২ হতে ফরম সংগ্রহ করা যাবে।


ফরম সংগ্রহ ও জমাদানের সময়সূচি


০১.০৮.২০২২ তারিখ হতে ১২.০৮.২০২২ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা থেকে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত ফরম সংগ্রহ করা যাবে। ফরম যথারীতি পূরণ করে ০১.০৮.২০২২ তারিখ থেকে ১২.০৮.২০২২ তারিখ ০৪.০০ ঘটিকার মধ্যে ছাত্রী হোস্টেল-২ এ জমা দিতে হবে।

প্রয়োজনীয় শর্ত ও কাগজপত্রাদি

১. স্নাতক (সম্মান) ও মাস্টার্স শ্রেণীর সকল ছাত্রীকে অবশ্যই মুরারিচাঁদ কলেজের নিয়মিত ছাত্রী হতে হবে।
২. আবেদনের সাথে অনার্স শ্রেণীর ছাত্রীদের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/ নম্বরফর্দ ও প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি, পাসপোর্ট সাইজের সত্যায়িত দুই কপি ছবি এবং রেজিস্ট্রেশন কার্ডের (প্রযোজ্য ক্ষেত্রে) সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
৩. মাস্টার্স শ্রেণীর ছাত্রীদের ক্ষেত্রে এসএসসি, এইচএসসি ও অনার্স পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/ নম্বরফর্দ ও প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি, পাসপোর্ট সাইজের সত্যায়িত দুই কপি ছবি এবং রেজিস্ট্রেশন কার্ডের (প্রযোজ্য ক্ষেত্রে) সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
৪. সাক্ষাৎকারের সময় মূল রেজিস্ট্রেশন কার্ড, বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত ট্রান্সক্রিপ্ট/ নম্বরফর্দ ও প্রশংসাপত্র দেখাতে হবে। সাক্ষাৎকার গ্রহণের সময় ও তারিখ পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

প্রতিস্বাক্ষর

  
অধ্যক্ষ ৩২/০৭/২০২২  
মুরারিচাঁদ কলেজ, সিলেট  
Principal  
Murarichand College, Sylhet.

  
৩১.০৭.২২  
তত্ত্বাবধায়কবৃন্দের পক্ষে  
(শাহনাজ বেগম)  
তত্ত্বাবধায়ক, ছাত্রী হোস্টেল-২  
এবং  
সহকারী অধ্যাপক, উদ্ভিদবিজ্ঞান বিভাগ  
মুরারিচাঁদ কলেজ, সিলেট  
তত্ত্বাবধায়ক  
ছাত্রী হোস্টেল-২  
মুরারিচাঁদ কলেজ, সিলেট।